

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১০০৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ নিজের সন্তান, সন্তানের সন্তানের ব্যাপারে কোন কিছু আশংকা করলে কীসের মাধ্যমে আশ্রয় প্রার্থনা করবে

ذَكَرُ مَا يُعَوِّدُ الْمَرْءُ بِهِ وَلَدَهُ وَوَلَدَ وَلَدِهِ عِنْدَ شَيْءٍ يَخَافُ عَلَيْهِمْ مِنْهُ

আরবী

1008 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبٍ
بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أَنَيْسَةَ
عَنِ الْمِنْهَالِ بْنِ عَمْرٍو عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ يُعَوِّدُ حَسَنًا وَحُسَيْنًا: (أُعِيدُكُمَا بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ
وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ) ثُمَّ يَقُولُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ إِبْرَاهِيمُ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِ
يُعَوِّدُ بِهِ ابْنَيْهِ إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ)

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1008 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০০৮. ইবনু আব্বাস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাসান ও হুসাইনের জন্য আশ্রয় প্রার্থনা করেছেন এই বলে, اللَّهُ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ) ثُمَّ يَقُولُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ إِبْرَاهِيمُ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِ يُعَوِّدُ بِهِ ابْنَيْهِ إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ) (আমি তোমাদের জন্য আল্লাহর পরিপূর্ণ কালেমার বদৌলতে আশ্রয় চাই প্রতিটি শয়তান থেকে, ক্ষতিকর প্রাণী থেকে, কুদৃষ্টিদানকারী চোখ থেকে।) তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ইবরাহিম আলাইহিস সালাম এই বাক্যের মাধ্যমে তাঁর দুই ছেলে ইসমাইল ও ইসহাক আলাইহিস সালাম এর জন্য আশ্রয় প্রার্থনা করতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ৩৩৭১; আবু দাউদ: ৪৭৩৭; মুসল্লাফ ইবনু আবী শায়বাহ: ৭/৪৮; মুসনাদ আহমাদ: ১/২৩৬; তিরমিযী: ২০৬০; ইবনু মাজাহ: ৩৫২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ২৫৩৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90321>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন